জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর

স্মারক নং : জাতীঃবিঃ/পরীঃ/ডিগ্রী/২০১৪/ব্যবঃ/৩৮৮/২০৮১ তারিখ ঃ ০৮/১০/২০১৭

ডিগ্রী পাস ব্যবহারিক (পুরাতন সিলেবাস) পরীক্ষা-২০১৫
ব্যবহারিক পরীক্ষা গ্রহণ, ডাটা এন্ট্রি, নম্বরফর্দ প্রেরণ ও সংরক্ষণের নির্দেশাবলী

বহিঃপরীক্ষক নিয়োগ ঃ

ব্যবহারিক পরীক্ষার বহিঃপরীক্ষকের নাম চিঠির মাধ্যমে কেন্দ্র ও বহিঃপরীক্ষককে জানানো হবে। সংশ্লিষ্ট কেন্দ্র বহিঃপরীক্ষকের সাথে যোগাযোগ করে পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করবে (নির্ধারিত সময়সূচির মধ্যে) এবং চিঠি না পেলে সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে বহিঃপরীক্ষকের নাম জেনে নিতে হবে। অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে পরীক্ষা সম্পন্ন করতে হবে।

অন্তঃপরীক্ষক নিয়োগ ঃ

ব্যবহারিক পরীক্ষা কেন্দ্রের বিভাগীয় প্রধান/সিনিয়র শিক্ষক (জ্যেষ্ঠতার ভিত্তিতে) অন্তঃপরীক্ষকের দায়িত্ব পালন করবেন।

বহিঃপরীক্ষকের অপারগতা ঃ

ব্যবহারিক পরীক্ষার নির্ধারিত দিনে অনিবার্য কারণ বশতঃ যদি কোন বহিঃপরীক্ষক অনুপস্থিত থাকেন/ বহিঃপরীক্ষক অপারগতা প্রকাশ করেন, তবে সে সকল কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/পরীক্ষা নিয়ন্ত্রক মহোদয়ের সাথে যোগাযোগ করে বহিঃপরীক্ষক নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবেন। কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে বহিঃপরীক্ষক নিয়োগ এবং পরীক্ষা গ্রহণ করা যাবে না।

ব্যবহারিক পরীক্ষার প্রিন্ট আউট ঃ

ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের কেন্দ্রওয়ারী ''ব্যবহারিক নম্বরফর্দ'' ,''হাজিরাপত্র'' ও "বিবরণী ফরম" জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইট (www.nu.edu.bd/degree/pmarks) থেকে ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে।

ব্যবহারিক পরীক্ষায় অতিরিক্ত উত্তরপত্র ব্যবহার

তত্ত্বীয় পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রে সরবরাহকৃত ''অতিরিক্ত উত্তরপত্র'' ব্যবহার করে প্রতিটি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে। শুধুমাত্র ব্যবহারিক পরীক্ষার জন্য নতুন কেন্দ্র নির্বাচিত হলে পার্শ্ববর্তী যে সমস্ত কেন্দ্রে (তত্ত্বীয় পরীক্ষা গ্রহণের জন্য) পূর্বে ''অতিরিক্ত উত্তরপত্র'' সরবরাহ করা হয়েছিল সে সমস্ত কেন্দ্র হতে ''অতিরিক্ত উত্তরপত্র'' গ্রহণ পূর্বক ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে এবং একাজে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ঃ

কেন্দ্রে সরবরাহকৃত ''অতিরিক্ত উত্তরপত্র'' ব্যবহার করে প্রতিটি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করতে হবে। ব্যবহারিক কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রের আওতাধীন কলেজসমূহ এবং বহিঃপরীক্ষকের সাথে যোগাযোগ করে সকাল ৯-০০টা হতে ১০-০০টার মধ্যে পরীক্ষা শুরুর ব্যবস্থা করবেন। সকল পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর ''ব্যবহারিক নম্বর ফর্দ'' এ পূরণ করার পর নম্বর ফর্দের নিচে অন্তঃপরীক্ষক, বহিঃপরীক্ষক ও সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রের অধ্যক্ষ স্বাক্ষর করবেন। পরীক্ষার্থীর নম্বর ফর্দ www.nu.edu.bd/degree/pmarks এ submit করার পর প্রিন্ট আউটের কপির নীচে অন্তঃপরীক্ষক ও সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রের অধ্যক্ষ স্বাক্ষর করবেন। আর ''হাজিরাপত্র'' অবশ্যই যথাযথভাবে পূরণ করে পরীক্ষার্থী স্বাক্ষর করবে। হাজিরাপত্রের নীচে অবশ্যই অন্তঃপরীক্ষক ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। অনুপস্থিত পরীক্ষার্থীদের নম্বরফর্দে ও হাজিরাপত্রে অবশ্যই অনুপস্থিত লিখতে হবে। কোন ঘর কোন অবস্থাতেই খালি রাখা যাবে না।

অন-লাইনে নম্বর এন্ট্রি ঃ

সকল পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণ শেষে কেন্দ্র কলেজ নম্বরফর্দ www.nu.edu.bd/degree/pmarks URL এ যাওয়ার পর Center log in লিংকে ক্লিক করতে হবে। Center log in করে mark Entry লিংক এর মাধ্যমে প্রত্যেক subject select করার পর student Exam. roll এন্ট্রি করে mark submit করতে হবে। নম্বর এন্ট্রি করার পর তা পুনরায় যাচাই করে ডাটা Send করতে হবে এবং বিষয় ভিত্তিক প্রিন্ট করতে হবে। এক্ষেত্রে কলেজের পাসওয়ার্ড এর গোপনীয়তা রক্ষা করতে হবে। মূল নম্বরফর্দ (হাতে এন্ট্রি করা) এবং অন-লাইনে এন্ট্রি করা নম্বরে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কেন্দ্র দায়ী থাকবে। বিষয়ভিত্তিক ব্যবহারিক পরীক্ষার সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে অন-লাইনে নম্বর প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পর অন-লাইনে প্রেরিত কোন নম্বর গ্রহণ করা হবে না।

বি.দ্র. প্রতিটি কেন্দ্রকে তার আওতাধীন কলেজগুলোর ব্যবহারিক পরীক্ষার মার্ক এন্ট্রি করতে হবে। প্রতিটি Center log in এর সময় user name হিসেবে college code এবং password হিসেবে 2015 form fillup এর password ব্যবহার করে ব্যবহারিক পরীক্ষার নম্বর ফর্দ সম্পন্ন করতে হবে।

হাজিরাপত্র, নম্বরপত্র, প্রেরণ ও সংরক্ষণ ঃ

নম্বর ফর্দের এক কপি ও প্রিন্ট আউটের একটি কপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষ সংরক্ষণ করবেন এবং আর একটি কপি এবং মূল হাজিরাপত্র নির্ধারিত খামে ভরে সীলগালা করে **জনাব মোহাম্মদ হোসেন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিগ্রী পাস), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় পাঠাতে হবে।** প্যাকেটের উপরে ''ডিগ্রী পাস ব্যবহারিক (পুরাতন সিলেবাস) পরীক্ষা-২০১৫'' এবং বিষয়ের নাম ও বিষয় কোড লিখতে হবে। হাজিরাপত্রের একটি ফটোকপি বিভাগীয় প্রধান/অধ্যক্ষের অফিসে সংরক্ষণ করতে হবে। প্রতিটি বিষয়ের জন্য পৃথক খাম ব্যবহার করতে হবে।

বিল প্রেরণ ঃ

বিলের সাথে নিয়োগপত্র, পরীক্ষা গ্রহণের প্রত্যয়নপত্র, বিবরণী ফরম, ভ্রমণ ভাতার বিল ফরম, পরীক্ষা সংক্রান্ত পারিশ্রমিক বিল ফরম সংযুক্ত করে পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ বরাবরে প্রেরণ করতে হবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন ঃ ০২-৯২৯১০১৭ ফ্যাক্স ঃ ০২-৯২৯১০৪৪
ই-মেইল ঃ controller@nu.edu.bd

ব্যবহারিক কলেজ কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা কেন্দ্রের আওতাধীন কলেজসমূহের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অবহিত করে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন।